

বাংলাদেশের যেকোনো মোবাইল বা টেলিফোন থেকে ৩৩৩ নম্বরে ডায়াল করে দেশের যেকোন প্রান্ত থেকে ৬৪টি জেলায় অবস্থিত বিভিন্ন সরকারি কার্যালয়, সরকারি বিভিন্ন তথ্য সেবা, বিভিন্ন সামাজিক সমস্যার প্রতিকার, সরকারি কর্মকর্তাদের তথ্য, এবং জেলা ও পর্যটন সম্পর্কিত তথ্য পাবেন নাগরিকরা। তাছাড়া বিভিন্ন সামাজিক সমস্যার সমাধান করার ব্যাপারেও সাহায্য চাইতে পারবেন।

এই হেল্পলাইন দিন-রাত ২৪ ঘন্টা ও সপ্তাহে ৭ দিনই ব্যবহার করা যাবে। বিভিন্ন ধরনের সেবা নিয়ে সাজানো ৩৩৩ হেল্পলাইনে ডায়াল করলে (অন্যান্য

সেবার সাথে) আপনি নিম্নোক্ত মূল সেবাগুলো পাবেনঃ

- এখান থেকে আপনি জেলা প্রশাসক কিংবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও এই বিষয়ক বিভিন্ন নাগরিক তথ্য পাবেন। তাছাড়া বিভিন্ন সামাজিক সমস্যা সমাধানকল্পে অভিযোগও জানাতে পারবেন। পাশাপাশি সরকারি সেবা সম্পর্কিত আপনার মতামতও গ্রহণ করা হবে।
- ভূমি সম্পর্কিত ও ভূমি অফিসের যাবতীয় নাগরিক তথ্য এই কল সেন্টার থেকেই পাবেন।
- ভোক্তা অধিকার সম্পর্কিত বিষয়, যেমন ভেজাল পণ্য উৎপাদন/বিক্রি সংক্রান্ত অভিযোগ করতে পারবেন ও তথ্য দিতে পারবেন।
- বাল্যবিবাহ, যৌতুক, ইভ টিজিং ইত্যাদি সামাজিক সমস্যা থেকে উত্তরণের সমাধান চাইতে পারবেন কিংবা আপনার এলাকায় এ ধরনের ঘটনা ঘটতে দেখলে তথ্য দিতে পারবেন।
- চোরাচালান, মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়, জুয়া, সরকারি সম্পদ দখল/চুরি প্রভৃতি সম্পর্কে অভিযোগ করতে পারবেন।
- সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতি, কর্মকর্তা ও কর্মচারীদের ফোন নম্বর বিভিন্ন সেবার ফরম দিয়েও সাহায্য করা হবে ৩৩৩ হেল্পসেন্টার থেকে।
- কোনো জায়গা সম্পর্কে জানতে বা কোনো জেলার বিশেষ স্থানসমূহ সম্পর্কে জানতেও এই নম্বরে কল দিতে পারবেন।
- জরুরি প্রাকৃতিক দুর্যোগেও তথ্যসেবা **দিবে** ৩৩৩ কল সেন্টার।